## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩রা অগ্রহায়ণ বুধবার ১৩৬৫ ইংরাজী 19th Nov. 1958 { ২৭শ সংখ্যা

২৮শে কার্ত্তিক ১৮৮০ শকাব্দ




লিভার ও পেটের পীড়ায়

**কুমারেশ**

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

## আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে

অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩রা অগ্রহায়ণ বুধবার সন ১৩৬৫ সাল।

# অপরম্বা কিং ভবিষ্যতি ?

—০—

১৯৫৭ সালের ২৭শে মে লোকসভায় ভারতের প্রধান মন্ত্রী শ্রীযুক্ত নেহেরু নিজেই তাঁহার এক বিবৃতি প্রসঙ্গে বলিয়াছেন যে ১৯৫৬-৫৭ সালে পাকীস্থানী দুর্বৃত্তেরা ৩৬৯ বার আঞ্চলিক আইন লঙ্ঘন করিয়াছে। তাহারা এই সকল হানাদারী অভিযানে ৮ জন ভারতীয় নাগরিককে হত্যা করিয়াছে। ২০ জনকে আহত করিয়াছে, ১৫৯ জনকে অপহরণ করিয়া লইয়া গিয়াছে। ১৪৫০টি গো-মহিষাদি গৃহপালিত জন্তু অপহরণ করিয়াছে এবং দেড় লক্ষাধিক টাকার সম্পত্তি নষ্ট করা হইয়াছে। ইহাদের মধ্যে মাত্র একটি ক্ষেত্রে ক্ষতিপূরণ দাবি করা হইয়াছে। ১৯৫৮ সালে নদীয়া, মুর্শিদাবাদ, ২৪ পরগণা, দিনাজপুর, কোচবিহার, করিমগঞ্জ, কাছাড়, ত্রিপুরা ও আসামের বিভিন্ন সীমান্তে গুলীবর্ষণ, নরহত্যা, লোক ছিনাইয়া লওয়া, গৃহপালিত জন্তু অপসারণ ইত্যাদি আরও ব্যাপক এবং আরও তীব্রভাবে চলিয়াছে।

গত সেপ্টেম্বর মাসে যে নেহেরু-নুন চুক্তি সম্পাদিত হইয়াছে তাহাতে স্থিতাবস্থা মানিয়া চলা চুক্তি সম্পাদনের আবশ্যিক কর্ত্তব্য বলিয়া গৃহীত ও স্বীকৃত হইয়াছিল। কিন্তু উহার পরেও সে চুক্তি লঙ্ঘন করিয়া হানাদারী অভিযান বহুবার চালান হইয়াছে। স্থিতাবস্থা লঙ্ঘন করার এবং সীমান্তে পুনরায় উপদ্রবের জন্যই নেহেরু-নুন চুক্তি বাতিল ঘোষণা করা উচিত।

নেহেরু-নুনের নুন এখন ৮৪০০০ মণ গম মজুত রাখার দায়ে মন্ত্রীত্ব হারাইয়া বন্দীত্ব উপভোগ করিতেছেন। নেহেরু চুক্তি করার জন্য যে সংবিধান লঙ্ঘন করিয়াছেন তাহা আইনানুগ করার জন্য লোকসভায় ও পশ্চিম বঙ্গ বিধান সভায় আলোচনা সুরু হইবার পাঁয়তাড়া দেখা যাইতেছে। হায় ভারতমাতা তোমার অদৃষ্টে আরও কি আছে!

দেখা যাক সংবিধান ও সঙবিধানে কোন তফাৎ আছে কি না!

---

### জঙ্গিপুর মহকুমার সুতী থানার অন্তর্গত পদ্মা নদীর চরে

## পাকীস্থানী সৈনিকদের ঘাঁটি প্রতিষ্ঠা

গত রবিবার মুর্শিদাবাদের জেলা ম্যাজিষ্ট্রেট ও পুলিস সুপারিন্টেণ্ডেণ্ট সুরপুর দিয়ার পরিদর্শন করেন। নূতন চরে নব নির্ম্মিত কতকগুলি কুটির দেখিতে পান। সেখানে পাক সৈন্য নজর হয় নাই। সেখানে কিছু ভারতীয় পুলিস নামাইয়া দিবার চেষ্টা হয়। পরে দেখা যায় বহু পাক সেনার সমাবেশ হইয়াছে। তাহারা শক্ত ঘাঁটি গাড়িয়া বসিয়াছে। কাজেই ভারতীয় পুলিস অবতরণ করান সম্ভব হয় নাই। নদীতে সতর্ক প্রহরার ব্যবস্থা ও অবস্থার দিকে নজর রাখা হইতেছে।

---

## যুধিষ্ঠিরের কাণ্ড

হাওড়ার এক ভদ্রলোকের বহু দিনের পুরাতন চাকরের নাম যুধিষ্ঠির। গত ১৫ই নভেম্বর গৃহস্বামী যুধিষ্ঠিরের উপর গৃহ রক্ষার ভার দিয়া সপরিবারে সিনেমা দেখিতে যান। ইত্যবসরে যুধিষ্ঠির গৃহস্বামীর চারি হাজার টাকা লইয়া চম্পট দিয়াছে। সে তাহার নামের সার্থকতা রক্ষা করিয়াছে সন্দেহ নাই।

---

## দুইটী বালিকার সলিল সমাধি

বিগত ২৫শে কার্ত্তিক মঙ্গলবার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত তেঘরী গ্রামের সঙ্গতিশালী গৃহস্থ শ্রীতারাপদ রায় মহাশয়ের ৬ ও ৮ বৎসর বয়সের দুইটী মেয়ে তাঁহার মোটর চালকের সঙ্গে গঙ্গায় স্নান করিতে যায়। মোটরচালক স্নানান্তে আহ্নিক করিতে থাকেন। তাঁহার অলক্ষ্যে বালিকা দুইটী গভীর জলে পড়িয়া ডুবিয়া মারা গিয়াছে।

---

## খাদ্যোৎপাদন বৃদ্ধি অত্যাবশ্যক

নয়াদিল্লীতে রাজ্য-উন্নয়ন কমিশনার সম্মেলনে কেন্দ্রীয় সমষ্টি উন্নয়ন মন্ত্রী শ্রী এস, কে, দে খাদ্যোৎপাদন বৃদ্ধির জন্য আবেদন জানান। তিনি বলেন, আমরা যদি উল্লেখযোগ্যভাবে খাদ্যোৎপাদন বৃদ্ধি না করিতে পারি তাহা হইলে নিকটস্থ কয়েকটি দেশের দৃষ্টান্ত অনুসরণে বাধ্য করার জন্য আমাদের উপর বিরাট চাপ পড়িবে। ভারতের কয়েকটি রাজ্যে ইতিমধ্যেই বিশৃঙ্খলার ভাব দেখা দিয়াছে।

শ্রীদে চীনের উল্লেখ করিয়া বলেন যে, গত বৎসর সে দেশে কৃষি উৎপাদন ৬০ হইতে ৭০ শতাংশ বৃদ্ধি পাইয়াছে। চীন বর্ত্তমানে চাউল রপ্তানি করিতেছে। তিনি বলেন, চীনে সম্প্রতি ভারতের সমষ্টি উন্নয়ন কার্য্যসূচীর অনুরূপ পল্লী উন্নয়ন পরিকল্পনা রূপায়নের কাজ সুরু হইয়াছে। শুধু রূপায়ন পদ্ধতিটি পৃথক।

তিনি বলেন, সমষ্টি উন্নয়ন কার্য্যসূচী পল্লী অঞ্চলে বিরাট সাড়া জাগাইয়াছে। আজ খাদ্য ও কৃষি. স্বাস্থ্য, শিল্প ও বাণিজ্য এবং শিক্ষা মন্ত্রণালয় উহা রূপায়নে সহায়তা করার জন্য আগাইয়া আসিয়াছেন।

শ্রীদে বলেন, সারা ভারতে কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য জনসাধারণের মধ্যে প্রচার চালাইতে ছয় মাস সময় লাগে। খারিক শস্যোৎপাদন বৃদ্ধির জন্য অভিযান চালাইতে হইলে এখনই উহার পরিকল্পনা রচনা করিতে হইবে। —প্রেঃ ইঃ ব্যুঃ

---

### তাঁতিবিড়ল বলাকা সংঘের উদ্যোগে
## "বাল-দিন" উদ্‌যাপন।

গত ১৪ই নভেম্বর তাঁতিবিড়ল বলাকা সংঘের উদ্যোগে সারাদিন ব্যাপী "বাল-দিন" উৎসব অনুষ্ঠিত হয়। ছোট ছোট ছেলেমেয়েদের খেলাধুলা ও বিচিত্রানুষ্ঠানের পরে ছেলে মেয়েদের পুরস্কার দেওয়া হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাননীয় সাগরদীঘি থানার ব্লক্ ডেভেলপ্‌মেণ্ট্ অফিসার মহাশয়। অনুষ্ঠানে স্থানীয় ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট মহাশয়, কো-অপারেটিভ্ ইন্সপেক্টর মহাশয় এবং গ্রামসেবক মহাশয় উপস্থিত ছিলেন।

## খিদিরপুরে হল্‌ট আবশ্যক

বি, এ, কে, রেল লাইনের সজনীপাড়া ও নিমতিতা ষ্টেশনের মধ্যে খিদিরপুরে একটী হল্‌ট ষ্টেশন ছিল। কিছুদিন পূর্ব্বে রেল কর্ত্তৃপক্ষ উহা উঠাইয়া নিয়াছেন। এই হল্‌ট ষ্টেশন উঠাইয়া দেওয়ায় পার্শ্ববর্ত্তী গ্রামের ছাত্রদিগের ছাবঘাটী কে, ডি, বিদ্যালয়ে পড়াশুনা করার ও উক্ত হল্‌টের নিকটবর্ত্তী ৺রী দুলালকালী মাতার পীঠস্থানে গমনেচ্ছু যাত্রিগণের বিশেষ অসুবিধা হইয়াছে। প্রতি মঙ্গলবার ও শনিবার ৺রী দুলালকালী মাতার পীঠস্থানে যাত্রী সমাগম হয়। এই অত্যাবশ্যকীয় হল্‌ট ষ্টেশনটী পুনরায় চালু করার জন্য বিভাগীয় কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হইতেছে।

## পাকিস্থানীদের জুলুম

রঘুনাথগঞ্জ থানার দয়ারামপুর ইউনিয়নের চর বাগডাঙ্গা হইতে পাকিস্থানীরা একজন রাখালসহ গোয়ালাদের ৫৭টী মহিষ ও ২৩টী গরু বে-আইনী-ভাবে লইয়া গিয়াছে। খবর পাইয়া স্থানীয় কর্ত্তৃপক্ষেরা ঘটনাস্থলে গমন করেন। ভারত সরকার পাকিস্থান সরকারের নিকট তীব্র প্রতিবাদ করিয়াছে বলিয়া প্রকাশ।

## ১৬টি উদ্বাস্তু শিবির বন্ধ

সম্প্রতি পশ্চিমবঙ্গের ১৬টি উদ্বাস্তু শিবির বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। ১৯৫৯ সালের জুলাই মাসের মধ্যে এই রাজ্যের সকল উদ্বাস্তু শিবির তুলিয়া দেওয়া হইবে বলিয়া যে সিদ্ধান্ত করা হইয়াছে উহা অনুযায়ী ঐ সকল শিবির বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। প্রেঃ ইঃ ব্যুঃ

## পরিবার পরিকল্পনা কেন্দ্র

মুর্শিদাবাদ জেলার নিম্নলিখিত স্থানে পরিবার পরিকল্পনা কেন্দ্র খোলা হইয়াছে। এতৎ সম্পর্কে আগ্রহান্বিত ব্যক্তিদের বিনা ব্যয়ে চিকিৎসা সংক্রান্ত পরামর্শের জন্য নিকটবর্ত্তী কেন্দ্রগুলিতে যাইবার অনুরোধ জানানো যাইতেছে।

বহরমপুর রাও যোগেন্দ্র নারায়ণ রায় হাসপাতাল, কান্দী মহকুমা হাসপাতাল। —প্রেস-নোট

## বিরাট জলসা

গত ২৭শে কার্ত্তিক বৃহস্পতিবার আলহাজ্জ ডাঃ সাখাওৎ হোসেন সাহেবের সভাপতিত্বে ও শ্রীজগদিন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের প্রধান আতিথ্যে সেখদীঘি জুনিয়র মাদ্রাসা প্রাঙ্গণে প্রায় ১০।১২ হাজার লোকের সমাবেশে এক মহান ধর্ম্মসভা হইয়া গিয়াছে। জনাব আজিজুল হক সাহেব, জনাব আলিমুদ্দিন সাহেব, জনাব গুমানী দেওয়ান সাহেব ও শ্রীবীরেন্দ্র চৌধুরী মহাশয় বিভিন্ন বিষয়ে বক্তৃতা দিয়া বেলা ১১ ঘটিকা হইতে সন্ধ্যা পর্য্যন্ত এই জনতাকে মুগ্ধ করিয়া রাখেন। এই জলসায় মাদ্রাসার প্রধান শিক্ষক জনাব গোলাম মোস্তাফা সাহেবের এখানে একটী জুনিয়র আলিয়া মাদ্রাসা ও একটী জুনিয়র হাই স্কুল স্থাপনের প্রস্তাব সর্ব্বসম্মতি-ক্রমে গৃহীত হয়। —সংবাদদাতা

## টেণ্ডার নোটীশ

এতদ্দ্বারা ইচ্ছুক ঠিকাদারগণের নিকট হইতে নিম্নলিখিত রাস্তার কার্য্যের জন্য টেণ্ডার আহ্বান করা যাইতেছে। নিমতিতা ষ্টেশন রোডের ( ডি, বি, রাস্তা ) অরঙ্গাবাদ বাজার যাইবার রাস্তার মোড় হইতে নিমতিতা নদীর ঘাট পর্য্যন্ত ৩৩৫০ ফুট দীর্ঘ রাস্তায় ইট এবং পাথরের খোয়ার ২০,০০০ ( বিশ হাজার ) টাকার কাজ হইবে। পূর্ণ বিবরণ নিমতিতা ইউনিয়ন বোর্ড অফিসে জানিতে পারা যাইবে। সর্ব্বনিম্ন দর উল্লেখ করিতে হইবে। টেণ্ডার গ্রহণের শেষ তারিখ ২২শে নভেম্বর, ১৯৫৮

শ্রীরাধানাথ চৌধুরী, প্রেসিডেণ্ট,
১৬।১১।১৯৫৮ নিমতিতা ইউনিয়ন বোর্ড।
পোঃ নিমতিতা ( মুর্শিদাবাদ )

## বাড়ী বিক্রয়

নান্নু বাবুর ময়দার কলের সামনে ভাল পরিবেশের মধ্যে গোয়ালপাড়ার নিকট পাকা গাঁথনির বেশ সাজান একতলা বাড়ী বিক্রয় করিব। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীপ্রাণগোবিন্দ দাস,
পাবলিসিটি অফিস, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানানো যাইতেছে যে, আগামী ইংরাজী ২৭-১১-৫৮ তারিখ বেলা ১১ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর এজলাসে ১৩৬৬ সালের জন্য জঙ্গিপুর মহকুমার অধীন সমস্ত ফেরীঘাট উক্ত সালের ৩০শে চৈত্র পর্য্যন্ত প্রকাশ্য নিলামে নির্দ্দিষ্ট সর্ত্তাধীনে বন্দোবস্ত করা হইবে।

ফেরীঘাটের তালিকা ও নিলামের সর্ত্তাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিসে, মহকুমা কৃষি দপ্তরে এবং অন্যান্য সরকারী দপ্তরে, থানায়, মিউনিসিপ্যাল দপ্তরে এবং বিভিন্ন ভূমি সংস্কার সার্কেল অফিসে জানিতে পারা যাইবে।

স্বাক্ষর—এস. চৌধুরী,
মহকুমা শাসক, জঙ্গিপুর।

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ

## টেণ্ডার আহ্বান

রঘুনাথগঞ্জ থানার অধীন জামুয়ার ইউনিয়ন বোর্ডের রাস্তায় ৪টা কালভার্ট ১৯৫৯ সালের ফেব্রুয়ারী মাস মধ্যে নির্ম্মাণ শেষ করার জন্য টেণ্ডার আহ্বান করা যাইতেছে। বিস্তৃত বিবরণ বোর্ড অফিসে জ্ঞাত হইয়া আগামী ৩।১২।৫৮ তারিখ মধ্যে টেণ্ডার দাখিল করিতে হইবে। সর্ব্বনিম্ন টেণ্ডার দাখিলকারীর দরখাস্ত নিম্নস্বাক্ষরকারী মঞ্জুর করিতে বাধ্য নহেন।

Sd/. K. P. Chakrabertty,
President.

## জমি বিক্রয়

থানা সুতীর অন্তর্গত রাতুরী মৌজায় (ডাঁই গ্রামে ) আনুমানিক ২৫॥০ সাড়ে পঁচিশ বিঘা উৎকৃষ্ট ধানী জমি বিক্রয় হইবে। গ্রাহকগণ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। ১৩৬৫, ১৩ই ভাদ্র

শ্রীজগন্নাথ ত্রিবেদী, জেমো নূতনবাটী
পোঃ কান্দি, জেলা মুর্শিদাবাদ।




**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ম" টেলিফোন: বড়বাজার ৫১২

**প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের**

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

**ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের**

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত